অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/22/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল কনস্টিলেশন ব্র্যান্ডস (CONSTELLATION BRANDS) তাদের প্রধান দপ্তর শহরতলীর রচেষ্টারে প্রতিষ্ঠা করবে বলে ঘোষণা করেছেন গভর্নর হোচুল

গ্লোবাল কোম্পানি জেনেসি নদীর তীরে পুনর্নির্মাণ করা ঐতিহাসিক অ্যাকুইডাক্ট ভবনে নিজেদের সরাবে

82 মিলিয়ন ডলারের বিনিয়োগ ROC দ্য রিভারওয়ে ইনিশিয়েটিভ এবং ডাউনটাউন ইনোভেশন জোনে বিনিয়োগের মাধ্যমে রোচেস্টারের আরবান সেন্টারকে পুনরুজ্জীবিত করার প্রচেষ্টাকে সমর্থন করে

প্রকল্পটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" অনুদানের সাহায্যে অ্যাকুইডাক্ট রিমাইজিন্ড প্রজেক্টে নির্মাণ শুরু করতে সহায়তা করে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে, একটি প্রধান অ্যালকোহল পানীয় সংস্থা কনস্টেলেশন ব্র্যান্ডস তাদের সদর দফতর, যা বর্তমানে অন্টারিও কাউন্টির ভিক্টরে অবস্থিত, তা শহরতলীর রচেস্টারের জেনেসি নদীর তীরে অবস্থিত ঐতিহাসিক অ্যাকুইডাক্ট ভবনে স্থানান্তরিত করবে। ফরচুন 500® সংস্থাটি কমিউনিটি ওয়ার মেমোরিয়ালে ব্লু ক্রস এরিনা থেকে ইস্ট মেইন এবং ব্রড স্ট্রিটের মাঝখানে অবস্থিত অ্যাকুইডাক্ট ক্যাম্পাসে পাঁচটি ভবন সংস্কারের জন্য আনুমানিক 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। 2020 সালের মার্চ মাসে কেনা, সম্পত্তির বিকাশকারীরা 170,000 বর্গফুট রিভারফ্রন্ট ক্যাম্পাসে অতিরিক্ত 30 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার পরিকল্পনা করেছে। রূপান্তরকারী প্রকল্পটির সাথে জড়িত 120টি-স্থানের পার্কিং কাঠামো নির্মাণ এবং অ্যাকুডাক্ট ভবনের জানালা এবং অন্যান্য স্থাপত্য বৈশিষ্ট্যগুলির যোগ্যতাপ্রাপ্ত ঐতিহাসিক পুনরুদ্ধার। কনস্টেলেশন ব্র্যান্ডস প্রকল্পের অংশ হিসেবে 80-টিরও বেশি নতুন স্থানীয় কর্মসংস্থান সৃষ্টি করার আশা করে, 340-টিরও বেশি চাকরি যা অ্যাকুডাক্ট স্থানে স্থানান্তরিত হবে, তার উপরে, এবং প্রায় 200 কর্মচারী কানানডাইগুয়া অফিসে অবস্থিত থাকবেন। 2024 সালের বসন্তে ঐতিহাসিক ওয়াটারফ্রন্ট ফেসিলিটিতে কাজ করা শুরু করবে বলে আশা করছে সংস্থাটি।

"কনস্টেলেশন ব্র্যান্ডসের টার আঞ্চলিক ক্রিয়কলাপ সম্প্রসারণ এবং রোচেস্টার শহরে তার নতুন সদর দপ্তর স্থাপনের উত্তেজনাপূর্ণ সিদ্ধান্ত নতুন, ভালো বেতনের চাকরি এবং একটি সমৃদ্ধ সিটি সেন্টার তৈরি করার জন্য আমাদের প্রচেষ্টাকে আরও এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে," **গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ডাউনটাউন রচেস্টার ইনোভেশন জোন ইতিমধ্যেই বিশ্বের সবচেয়ে প্রতিভা-সমৃদ্ধ কোম্পানিগুলির কতগুলির বাসস্থান। ঐতিহাসিক অ্যাকুইডাক্ট বিল্ডিংয়ে

এই রূপান্তরকারী প্রকল্পটি আমাদের 50 মিলিয়ন মার্কিন ডলারের ROC রিভারওয়ে প্রচেষ্টাকে সর্বাধিক করতে সাহায্য করবে, যা সুন্দর জেনেসি নদীর তীর বরাবর এলাকা পুনর্নির্মাণ এবং রূপান্তর করছে, যা রোচেস্টারকে আগামী বহু প্রজন্মের জন্য সমৃদ্ধ করতে সাহায্য করবে।"

75 বছরেরও বেশি আগে অন্টারিও কাউন্টির কানানডাইগুয়া শহরে প্রতিষ্ঠিত কনস্টেলেশন ব্র্যান্ডস, বিশ্বব্যাপী প্রায় 9,000 কর্মচারী সহ, খুচরো এবং আন্তর্জাতিক মার্কিন যুক্তরাষ্ট্রে দ্রুত বর্ধনশীল বৃহৎ CPG সংস্থাগুলির মধ্যে একটি, এবং কিংবদন্তীসময় বিয়ার, ওয়াইন, এবং স্পিরিটসের ব্র্যান্ড যেমন করোনা এক্সট্রা এবং মডেলো এস্পেশাল বিয়ার ব্র্যান্ড, এবং উচ্চমানের প্রিমিয়াম ওয়াইন এবং স্পিরিট, রবার্ট মন্ডাভি ব্র্যান্ড পরিবার, কিম ক্রফোর্ড, দ্য প্রিজনার ব্র্যান্ড পরিবার, SVEDKA ভদকা, কাসা নোবেল টেকিলা এবং হাই ওয়েস্ট হুইস্কি সহ, শীর্ষস্থানীয় আন্তর্জাতিক উৎপাদনকারী এবং বিপণনকারী। উদীয়মান গঞ্জিকা শিল্পেও সংস্থাটি তার আগ্রহ বজায় রেখেছে।

"আমরা বিশ্বাস করি অ্যাকুইডাক্ট ক্যাম্পাস আমাদের ক্রমবর্ধমান সংস্থার জন্য একটি দুর্দান্ত সদর দপ্তর যা আমাদের কর্মীদের একটি আধুনিক কাজের পরিবেশ প্রদান করে যা সংস্থা এবং সম্প্রদায়ের মধ্যে সহযোগিতা লালন করা অব্যাহত রাখবে," **বিল নিউল্যান্ডস, প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, কনস্টেলেশন ব্র্যান্ডস বলেন।** "আমরা আগামী অনেক বছর ধরে রচেস্টার অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টিতে অবদান রাখার জন্য উন্মুখ।"

"আমরা 75 বছরেরও বেশি সময় ধরে রচেস্টার সম্প্রদায় এবং আশেপাশের অঞ্চলের একজন গর্বিত সদস্য থেকেছি এবং রোচেস্টারের শহুরে পুনরুজ্জীবনের প্রচেষ্টাকে সমর্থন করার জন্য আমাদের প্রতিশ্রুতি অব্যাহত রাখতে আগ্রহী," **রব স্যান্ডস, কনস্টেলেশনের পরিচালনা পর্ষদের নির্বাহী চেয়ারম্যান বলেন।**

রাজ্য ও শহর নতুন সদর দফতর ক্যাম্পাস সংলগ্ন অ্যাকুইডাক্ট রিমেজিন্ড প্রজেক্টকে ত্বরান্বিত করবে যাতে তারা কনস্টেলেশন ব্র্যান্ডসের সংস্কার পরিকল্পনা এবং প্রত্যাশিত প্রবেশের তারিখের সাথে সমন্বয় করতে পারে। অ্যাকুইডাক্ট রিমাইজিন্ড প্রজেক্টটি "আরওসি দ্য রিভারওয়ে" উদ্যোগের কেন্দ্রবিন্দু এবং ব্রড স্ট্রিটের যানবাহনের সেতুর ডেকটি সরিয়ে দেবে, যা 1927 সালে যোগ করা হয়েছিল, যার ফলে 1836 সালে নির্মিত মূল অকুইডাক্টের কাঠামোকে উন্মোচন করবে তার মূল উচ্চতায়, নাটকীয়ভাবে নদীর দৃশ্য এবং ডাউনটাউন রিভার করিডরে সম্ভাব্য পথের সংযোগগুলি উন্মোচিত করবে। 2022 সালের মাঝামাঝি থেকে শেষের মধ্যে কাজ শুরু হবে বলে আশা করা হচ্ছে এবং ইউটিলিটি আপগ্রেডের মাধ্যমে শুরু হবে যা অ্যাকুইডাক্ট ক্যাম্পাসকে সরাসরি প্রভাবিত করবে।

নিউ ইয়র্ক স্টেট অ্যাকুইডাক্ট ক্যাম্পাসে প্রয়োজনীয় প্রাথমিক পরিকাঠামো আপগ্রেডের সুবিধার্থে 9 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করছে। অ্যাকুইডাক্ট রিমেজিন্ড প্রকল্পের প্রাথমিক নির্মাণ পর্ব শুরু করার জন্য সরকারি পরিকাঠামোগত উন্নতির জন্য রোচেস্টার সিটি 5 মিলিয়ন ডলারের আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ অনুদান পাবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) চাকরি সৃষ্টির প্রতিশ্রুতির বিনিময়ে এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামের মাধ্যমে 4 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত কনস্টেলেশন ব্র্যান্ডকে প্রদান করছে। মনরো কাউন্টি, রচেস্টার গ্যাস অ্যান্ড ইলেকট্রিক (Rochester Gas & Electric), দ্য

গ্রেটার রোচেস্টার চেম্বার অব কমার্স (Greater Rochester Chamber of Commerce) এবং গ্রেটার রোচেস্টার এন্টারপ্রাইজও (Greater Rochester Enterprise) রূপান্তরকারী প্রকল্পে সহায়তা করছে।

অ্যাকুইডাক্টের রূপান্তর শহরতলির রোচেস্টার ইতিমধ্যে চলমান গতিবেগকে আরও অনুপ্রাণিত করবে "ROC দ্য রিভারওয়ে" উদ্যোগের কারণে। 13-টি নির্বাচিত ফেজ ওয়ান প্রকল্প, যা 50 মিলিয়ন ডলারের ফিঙ্গার লেকস ফরওয়ার্ড আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ অনুদান দ্বারা অর্থায়ন করা হয়েছে, তার লক্ষ্য জেনেসি নদীর আশেপাশের অঞ্চলে বিপ্লব ঘটানো এবং রচেস্টারের ওয়াটারফ্রন্টের সম্ভাবনাকে উন্মুক্ত করা। আজ অবধি, সমস্ত লক্ষ্যযুক্ত প্রকল্পগুলি হয় নকশার পর্যায়ে আআছে, নির্মাণাধীন, বা সম্পূর্ণ করা হয়েছে। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে অবিশ্বাস্যরকম সফল কমিউনিটি ROC সিটি স্কেট পার্ক, যা I-490 ফ্রেড্রিক ডগলাস-সুসান বি, অ্যান্টনি ব্রিজের নিচে নির্মিত হয়েছিল। কনস্টেলেশন ব্র্যান্ডসের নতুন সদর দফতর রচেস্টারের ডাউনটাউন ইনোভেশন জোনের মধ্যেও অবস্থিত হবে, যা এখন প্রায় 200টি উদ্ভাবনী, উচ্চ-প্রযুক্তি সংস্থার আবাসস্থল।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রধান পরিচালন কর্মকর্তা এবং নির্বাহী ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন, "রচেস্টারের ডাউনটাউন ইনোভেশন জোন কনস্টেলেশন ব্র্যান্ডসের নতুন সদর দফতরের জন্য নিখুঁত আবাসস্থল। এটি ইতিমধ্যেই বিশ্বের সব চেয়ে প্রতিভা সমৃদ্ধ কিছু সংস্থার আবাসস্থল। অ্যাকুইডাক্ট রিইমেজড প্রকল্পটি শহরের কেন্দ্রের পুনর্জন্মকে আরও অনুপ্রাণিত করবে, ইতিমধ্যেই "ROC দ্য রিভারওয়ে" উদ্যোগের জন্য ধন্যবাদ, যা পুরো ফিঙ্গার লেকস অঞ্চলের অর্থনৈতিক গতিবেগ বাড়িয়ে তুলছে।"

সিনেটর চাক শুমার বলেন, "কনস্টেলেশন ব্র্যান্ডস রোচেস্টার শহরে চাকরি যোগ করার এবং সম্প্রসারণের সিদ্ধান্ত নিয়ে ডাউনটাউন রচেস্টারের উন্নয়নে একটি নতুন যুগের সূচনা করছে। ঐতিহাসিক অ্যাকুইডাক্ট ক্যাম্পাস যেটি এক সময় ফ্লাওয়ার সিটিকে জন্ম দিয়েছিল - জেনেসি নদীতে ঐতিহাসিক এরি ক্যানলের সংযোগস্থল - এখন এটি ডাউনটাউনের ইনোভেশন জোনের কেন্দ্রস্থলে রয়েছে এবং আবারও বৃদ্ধির চালক হবে কন্সটলেশন ব্র্যান্ডসের বিনিয়োগের ফলে। আমি কনস্টেলেশন, গভর্নর হোচুল এবং যারা এই উন্নয়নকে ফলপ্রসূ করতে যারা সবাই অবদান রেখেছেন তাদের সাধুবাদ জানাই।"

সিনেটর ক্রিস্টিন গিলিব্রান্ড বলেন, "কনস্টেলেশন ব্র্যান্ডস পানীয় শিল্পে একটি বিশ্বব্যাপী নেতা এবং আমি রচেস্টার শহরে সংস্থাটিকে স্বাগত জানাতে পেরে গর্বিত। এই স্থানান্তর স্থানীয় অর্থনীতিতে লক্ষ লক্ষ মার্কিন ডলার বিনিয়োগ করে, 80-টিরও বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে এবং আরও 340 জনকে এখানে স্থানান্তরিত করে শহরের কেন্দ্রকে পুনরুজ্জীবিত করবে। আমি এমন বিনিয়োগের জন্য লড়াই চালিয়ে যাব যা বিশ্বমানের কর্পোরেশনগুলিকে নিউ ইয়র্কে নিয়ে আসে এবং রচেস্টারকে বৃদ্ধি এবং সমৃদ্ধি অব্যাহত রাখতে সহায়তা করে।"

কংগ্রেসম্যান জো মোরেল বলেন, "আজ রোচেস্টারের ডাউনটাউন করিডোরকে পুনরুজ্জীবিত করতে এবং আমাদের আঞ্চলিক অর্থনীতিকে শক্তিশালী করতে আমাদের কাজের একটি উত্তেজনাপূর্ণ পদক্ষেপ চিহ্নিত করেছে। এই প্রকল্প শুধু আমাদের সম্প্রদায়ের জন্য নতুন চাকরি আনবে তা নয়, ROC রিভারওয়ে উদ্যোগের অংশ হিসাবে, এটি আমাদের ঐতিহাসিক

ওয়াটারফ্রন্ট এলাকার আশেপাশের অঞ্চলে নতুন প্রাণ সঞ্চার করবে। অর্থনৈতিক সুযোগ সৃষ্টির জন্য তার নিবেদনের জন্য আমি গভর্নর হোচুলের কাছে কৃতজ্ঞ এবং রোচেস্টার সম্প্রদায়ের ভবিষ্যতের উদ্দেশয়হয়ে বিনিয়োগের জন্য তাদের অব্যাহত অঙ্গীকারবদ্ধতার জন্য আমি কনস্টেলেশনকে ধন্যবাদ জানাই।"

সেনেটর জেরেমি কুনি বলেন, "এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ! কনস্টেলেশন ব্র্যান্ডসের রচেস্টার শহরের কেন্দ্রস্থলে স্থানান্তর আমাদের শহুরে জেনেসি নদীপথ বরাবর পুনর্নবীকৃত শক্তির প্রতীক। আমরা গভর্নর হোচুল এবং কনস্টেলেশন ব্র্যান্ডসকে ধন্যবাদ জানাই আমাদের শহরের কেন্দ্রের উপর বিশ্বাস করার জন্য এবং কাজ করার জন্য আরও প্রাণবন্ত জায়গা তৈরি করতে সাহায্য করার জন্য।"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন, অর্থনৈতিক উন্নয়ন, চাকরি সৃষ্টি, বাণিজ্য ও শিল্প বিষয়ক সংসদ কমিটির (Assembly Committee on Economic Development, Job Creation, Commerce and Industry) চেয়ারম্যান বলেন, "রোচেস্টার ডাউনটাউন জেলা আজ একটি বড় বিজয় অর্জন করেছে। গভর্নর হোচুল, আমাদের স্থানীয় অর্থনৈতিক উন্নয়ন দল এবং সরকারী অংশীদারদের জন্য শহরতলীর পুনরুজ্জীবন গতি লাভ করছে। আমরা সবাই দেখেছি যে কনস্টেলেশন ব্র্যান্ডস বছরগুলি ধরে দ্রুত গতিতে বেড়ে উঠেছে এবং একটি CPG পাওয়ারহাউসে পরিণত হয়েছে। আরো চাকরি, আরো বিনিয়োগ এবং আরো অঙ্গীকারবদ্ধতার অর্থ রচেস্টার মানুষের জন্য আরো সুযোগ। একটি বিশ্বব্যাপী ব্যবসায়ীক নেতা ঐতিহাসিক অ্যাকুইডাক্ট বিল্ডিংয়ে তার বৈশ্বিক সদর দপ্তর স্থাপন করা আমাদের মহান শহরকে নিউ ইয়র্ক স্টেটে একটি সমৃদ্ধ অর্থনৈতিক ইঞ্জিন হিসেবে উন্নীত করতে সাহায্য করে।"

সংসদ সদস্য ডেমন্ড মিক্স বলেন, "আমি রোচেস্টারের শহরতলীতে একটি সম্মানিত এবং বিশিষ্ট ব্যবসা কনস্টেলেশন ব্র্যান্ডসকে স্বাগত জানাতে পেরে আনন্দিত। আমাদের শহরের পুনরুজ্জীবন এবং অর্থপূর্ণ বিনিয়োগের ভীষণ প্রয়োজন ছিল। আমি আমাদের সম্প্রদায়ের সদস্যদের জন্য ভালো বেতনের চাকরি প্রদানের মাধ্যমে যে অর্থনৈতিক সুযোগ এটি প্রদান করেছে তার জন্য আমি কৃতজ্ঞ। যারা বাড়ির কাছাকাছি ক্যারিয়ার খুঁজছেন তাদের জন্য এটি একটি সুযোগ।"

মনরো কাউন্টির নির্বাহী আধিকারিক অ্যাডাম বেলো বলেন, "তাদের বিশ্বব্যাপী সদর দফতর রচেস্টারে সরিয়ে দিয়ে, কনস্টেলেশন ব্র্যান্ডস মনরো কাউন্টিতে ব্যবসা করার সুবিধা এবং নতুন প্রতিভা উদ্ভাবন, বৃদ্ধি এবং নিয়োগের জন্য আমরা যে সুযোগগুলি প্রদান করি তাকে স্বীকৃতি দেয়। এই 82 মিলিয়ন মার্কিন ডলারের এই বিনিয়োগ খাদ্য ও পানীয় উৎপাদনের ক্ষেত্রে অত্যাধুনিক নেতৃত্বের কেন্দ্র হিসেবে আমাদের অবস্থানকে শক্তিশালী করে। অ্যাকুইডাক্ট বিল্ডিংয়ে কনস্টেলেশনকে স্বাগত জানাতে পেরে আমি গর্বিত এবং ROC দ্য রিভারওয়ে উদ্যোগের মাধ্যমে আমাদের শহরের কেন্দ্রের অব্যাহত রূপান্তরের জন্য উদগ্রীব। আমি গভর্নর হোচুল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলকে (Finger Lakes Regional Economic Development Council) ডাউনটাউন ইনোভেশন জোনের জন্য তাদের সমর্থনের জন্য। আমি রব স্যান্ডস এবং বিল নিউল্যান্ডস, গার্থ হ্যানকিনসন, টম কেন এবং জিম বোর্দাউ সহ সমগ্র কনস্টেলেশনের দলকে তাদের সংস্থার নতুন আবাসস্থল হিসেবে রচেষ্টারকে বেছে নেওয়ার জন্য ধন্যবাদ জানাই।"

রচেস্টারের মেয়র লাভলি ওয়ারেন বলেন, "আজ আমাদের শহরের ইতিহাসে একটি যুগান্তকারী মুহূর্ত। কনস্টেলেশন ব্র্যান্ডস তাদের সদর দপ্তরকে শহরতলীতে এনে এবং ব্রড সেন্ট অ্যাকুইডাক্টের পুনরায় জলপূর্ণ করা এটা স্পষ্ট করে যে আমরা রচেস্টারের জন্য একটি উত্তেজনাপূর্ণ নতুন ভবিষ্যৎ তৈরি করছি। এটি একটি বৃদ্ধির যুগ হবে যাতে আমরা সবাই বিশ্বাস করতে পারি এবং অংশ নিতে পারি। আমি গভর্নর হোচুল, স্যান্ডস পরিবার এবং কন্সটলেশন টিমের সকলকে ধন্যবাদ জানাই যারা আজকের দিনটি সম্ভব করেছে। গৃহে স্বাগত!"

ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কমিটির (Finger Lakes Regional Economic Development Committee) সহ-সভাপতি, গ্রেটার রচেস্টার চেম্বার অব কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট ও সিইও বব ডফি, এবং সুনি জেনেসিওর (SUNY Geneseo) প্রেসিডেন্ট ডেনিস ব্যাটেলস বলেন, "আঞ্চলিক পরিষদ সিটি সেন্টারের ক্রমাগত পুনরুজ্জীবনে সহায়তা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। সেই দৃষ্টিভঙ্গিকে সমর্থন করার জন্য কনস্টেলেশন ব্র্যান্ডসের সিদ্ধান্ত আমাদের নিবেদিত কাজে সাহায্য করবে রচেস্টারের জন্য একটি পুন:পরিকল্পিত ভিত্তি স্থাপন করতে, যা এটিকে আরও সমৃদ্ধ ভবিষ্যতের দিকে পরিচালিত করতে সাহায্য করবে। এই পদক্ষেপের মাধ্যমে, এই সফল, ঐতিহাসিক সংস্থাটি কাউন্সিলের লক্ষ্য স্থির করা, কৌশলগত সম্প্রদায়িক বিনিয়োগগুলি প্রকৃতপক্ষে আঞ্চলিক অর্থনীতিকেই ইন্ধন দিচ্ছে তা নিশ্চিত করছে।"

কার্ল এ. টেলর, নিউ ইয়র্ক স্টেট ইলেকট্রিক অ্যান্ড গ্যাস (New York State Electric and Gas, NYSEG) এবং রচেষ্টার গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিকের (Rochester Gas & Electric, RG&E) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, "RG&E শহরতলীর রোচেস্টারের পুনরুজ্জীবন এবং জেনেসি নদীর তীর বরাবর পুনর্নির্মাণে ভূমিকা পালন করতে পেরে গর্বিত। আমাদের অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির মাধ্যমে বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করা আমাদের সম্প্রদায়ের পরচর্যা করার অন্যতম উপায়। আমরা ROC দ্য রিভারওয়ের শুরু থেকেই কৌশলগত অংশীদার ছিলাম এবং কনস্টেলেশন ব্র্যান্ডস শহরতলীর পরিবেশে যোগ দেওয়ায় উচ্ছাসিত। আমরা পুরো প্রকল্প জুড়ে তাদের সাথে সহযোগিতা করার জন্য উন্মুখ।"

গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজের (Greater Rochester Enterprise) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী ম্যাট হার্লবাট বলেন, "কনস্টেলেশন ব্র্যান্ডেসের কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতি এবং নিউ ইয়র্কের রোচেস্টার শহরে তার কার্যক্রম প্রসারিত করা, আমাদের অঞ্চলের ব্যতিক্রমী প্রতিভা, বিশেষ করে অসামান্য পানীয় উৎপাদনকারী সংস্থা চালানোর ক্ষমতাকে আরো সহায়তা প্রদান করে। উপরন্তু, কনস্টেলেশন ব্র্যান্ডস রোচেস্টার ডাউনটাউন ইনোভেশন জোনের কেন্দ্রস্থলে প্রতিভা এবং অন্যান্য সংস্থাকে আকর্ষণ করার জন্য চুম্বক হিসেবে কাজ করবে।"

ROC2025 প্রেসিডেন্ট এবং সিইও, জোসেফ স্টেফকো বলেন, "কনস্টেলেশন ব্র্যান্ডসের উত্তেজনাপূর্ণ ঘোষণা ডাউনটাউন রচেস্টারের জন্য আরেকটি রূপান্তরকামী পদক্ষেপ। ল্যান্ডমার্ক অ্যাকুইডাক্ট ক্যাম্পাস কনস্টেলেশনের কর্পোরেট সদর দপ্তর হিসেবে পুনর্নির্মাণ বর্তমান শহরের কেন্দ্রস্থলের প্রকল্পগুলির মধ্যে একটি, বিশেষ করে ROC রিভারওয়ে, এবং আমাদের অঞ্চলের কেন্দ্রস্থলে আরও বেশি প্রাণশক্তির জন্য অনুঘটক হিসেবে কাজ করবে। এই প্রকল্পের অর্থনৈতিক প্রভাব, নতুন কর্মসংস্থান সৃষ্টি করা এবং যে জায়গাটিতে এটি তৈরি করা

হবে, তা ওয়াটারফ্রন্টে অবদান রাখবে, এবং উল্লেখযোগ্য এবং দীর্ঘস্থায়ী হবে। আমি কনস্টেলেশনের কাছে তাদের দৃষ্টিভঙ্গি এবং আমাদের অঞ্চলের দীর্ঘদিনের প্রতিশ্রুতির জন্য, এবং এটিকে বাস্তব করে তোলার জন্য সমস্ত অংশীদারদের কাছে কৃতজ্ঞ।"

কনস্টেলেশন ব্র্যান্ডসের সম্পর্কে আরো তথ্যের জন্য, **https://www.cbrands.com** এ যান

ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সামাজিক উন্নয়নের জন্য এই অঞ্চলের বিস্তৃত ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনা ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উৎপাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এই অঞ্চল এখন আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Upstate Revitalization Initiative) মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেটের বিনিয়োগ দিয়ে ফিঙ্গার লেকস রাইজিংকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ ব্যক্তিগত ব্যবসাগুলোকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশ বেশি বিনিয়োগ করতে উৎসাহিত করবে - এবং এই অঞ্চলের জমা দেওয়া পরিকল্পনা অনুযায়ী 8,200টি পর্যন্ত নতুন চাকরির ব্যবস্থা হবে। আরো তথ্য এখানে উপলব্ধ।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) মিশন একটি জোরালো এবং ক্রমবর্ধমান অর্থনীতির প্রচার, নতুন চাকরির সৃষ্টি এবং অর্থনৈতিক সুযোগ তৈরি, রাজ্য এবং তার পৌরসভাগুলির রাজস্ব বৃদ্ধি, এবং স্থিতিশীল এবং বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জনে উৎসাহিত করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং আর্থিক সহায়তার অন্যান্য ধরণগুলি ব্যবহার করে, ESD ব্যক্তিগত ব্যবসার বিনিয়োগ সমৃদ্ধ এবং বৃদ্ধি করে নিউ ইয়র্ক স্টেট জুড়ে চাকরী তৈরি করতে এবং সমৃদ্ধ সম্প্রদায়গুলিকে সমর্থন করতে। ESD আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল এবং "আই লাভ নিউ ইয়র্ক", রাজ্যের আইকনিক পর্যটন ব্র্যান্ডের বিপণনের প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক পরিষদ এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরও তথ্যের জন্য, www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন